Date: 14.10.2021

# অনুমানের অবয়ব

Course : GE-1

1st Semester

Pranab Kirtunia

Assistant Professor

Department of Philosophy

Bejoy Narayan Mahavidyalaya

West Bengal

# অনুমানের অবয়ব

এই ক্লাসে আমরা যে বিষয়গুলি নিয়ে আলোচনা করব সেগুলো হলো নিম্নরুপ:

অনুমানের অবয়ব: পক্ষ,  সাধ্য, হেতু

# অনুমানের অবয়ব

## সৎ হেতুর পাঁচটি বৈশিষ্ট্য:

পক্ষধর্মতা বা   পক্ষসত্ত্ব

সপক্ষসত্ত্ব

বিপক্ষ সত্ত্ব

অবাধিত বিষয়ত্ব

অসৎ প্রতিপক্ষত্ব

# অনুমানের অবয়ব

পরিশেষে আমরা  এই ক্লাস-এ কি কি প্রশ্ন আলোচনা করা হলো সেগুলো উল্লেখ করব,  গ্রন্থপঞ্জি উল্লেখ করব।

# অনুমানের অবয়ব

অনুমানের কয়েকটি অবয়ব হল : সাধ্য বা লিঙ্গী অর্থাৎ যার অস্তিত্বকে অনুমান করা হয়। যার দ্বারা অনুমান করি তাই হল হেতু বা লিঙ্গ। যেখানে অনুমান করি সেটা হল পক্ষ। অর্থাৎ অনুমানে তিনটি বিশেষ পদ হলো পক্ষ, সাধ্য এবং হেতু।

# অনুমানের অবয়ব

যেমন- ১) পর্বতে ধুম আছে.

২) যেখানে ধূম সেখানে বহ্নি , যেমন -রান্নাঘর। ৩) অতএব পর্বতে বহ্নি আছে। - এটি হলো একটি অনুমান।

# অনুমানের অবয়ব

অনুমানের তিনটি পদ সর্বদাই বর্তমান। যাকে আমরা অনুমান করি তাকে সাধ্য বলে, যার দ্বারা অনুমান করি তাকে হেতু বলে। যেখানে অনুমান করি তাকে পক্ষ বলে।

# অনুমানের অবয়ব

**পক্ষ:** যে অধিকরণে বা আশ্রয়ে সাধ্যকে অনুমান করা হয় সেটি হল পক্ষ। পক্ষ হল অনুমানের বিষয়ী। আর এই অনুমানের বিষয়ী বলতে আমরা বুঝি যে যার সম্বন্ধে কোন কিছু প্রমাণ করা হয় অর্থাৎ এখানে পক্ষ সম্বন্ধে সাধের উপস্থিতি প্রমাণ করা হয় সেইজন্য পক্ষ হল অনুমানের বিষয়ী।

# অনুমানের অবয়ব

যেমন– অন্নংভট্ট তর্কসংগ্রহ গ্রন্থে বলেছেন 'সন্দিগ্দ্ধ সাধ্যবান পক্ষ:' অর্থাৎ যে অধিকরণে সাধ্যের উপস্থিতির নিশ্চিত জ্ঞান থাকে তাকে সপক্ষ বলে।

# অনুমানের অবয়ব

যেমন – গোশালা, যজ্ঞশালা ইত্যাদি ।যখন কোন অধিকরণে সাধ্যের উপস্থিতির অভাবের নিশ্চিত জ্ঞান থাকে তখন সেই অধিকরণকে বলা হয় বিপক্ষ। যেমন নদী বা সাগর। নদী বা সাগরে আগুন বা অগ্নির উপস্থিতির অভাবের সুনিশ্চিত জ্ঞান আমাদের রয়েছে । তাই নদী বা সাগর হল বিপক্ষ

# অনুমানের অবয়ব

তবে কিছু দার্শনিক মনে করেন যে অধিকরণে বা পক্ষে সাধ্যের অস্তিত্বের সুনিশ্চিত জ্ঞান বা সাধ্যের উপস্থিতির অভাবের সুনিশ্চিত জ্ঞান থাকেনা সেখানেই কেবলমাত্র অনুমান সম্ভব । যেখানে পক্ষে সাধ্যের উপস্থিতি সম্বন্ধে সংশয় থাকে সেখানেই অনুমান সম্ভব।

# অনুমানের অবয়ব

যদি পক্ষে সাধ্যের অস্তিত্বের উপস্থিতি বা উপস্থিতির অভাবের সুনিশ্চিত জ্ঞান থাকে তাহলে সেখানে অনুমান সম্ভব নয় বা অনুমানের কোন প্রয়োজন নেই। তবে নৈয়ায়িক মনে করেন যে অনুমান করার ইচ্ছা থাকলেই অনুমান করার ক্ষেত্রে কোনো বাধা থাকে না। এবং নব্য নৈয়ায়িকরা এই প্রকার অনুমানের ওপর গুরুত্ব আরোপ করেন।

# অনুমানের অবয়ব

সাধ্য: সাধ্য হলো অনুমানের বিষয়। একে পক্ষের ধর্ম বলা হয়। আমরা হেতুর মাধ্যমে পক্ষে সাধের উপস্থিতি অনুমান করি। হলো হল অনুমিত বিষয়।

# অনুমানের অবয়ব

## সৎ হেতুর পাঁচটি বৈশিষ্ট্য:

পক্ষধর্মতা বা পক্ষসত্ত্ব

সপক্ষসত্ত্ব

বিপক্ষসত্ত্ব

অবাধিত বিষয়ত্ব

অসৎ প্রতিপক্ষত্ব

# অনুমানের অবয়ব

**পক্ষধর্মতা বা   পক্ষসত্ত্ব :** পক্ষে হেতু ধর্মের অবস্থান বা পক্ষ ধর্মের সঙ্গে হেতু ধর্মের সম্বন্ধই হলো পক্ষধর্মতা। যেমন হেতু 'ধুম' এবং পক্ষ  হল 'পর্বত' , ধুম  ও পর্বতের মধ্যে সম্বন্ধ রয়েছে।

# অনুমানের অবয়ব

**সপক্ষসত্ত্ব:**

সাধ্যের উপস্থিতির সঙ্গে হেতুর নিশ্চিত উপস্থিতি হল সপক্ষসত্ত্ব।

অর্থাৎ নিজ পক্ষে হেতুর উপস্থিতি। যেমন সকল ধুমবানই হল বহ্নিমান অর্থাৎ হেতু স্বপক্ষে রয়েছে।

# অনুমানের অবয়ব

## বিপক্ষসত্ত্ব:

নিশ্চিতভাবে যা সাধ্যের  অভাববান তাই বিপক্ষ অর্থাৎ যেখানে সাধ্য নেই সেখানে হেতুও  থাকবে না।  যেমন –জলে আগুন নেই তেমনি জলে ধোয়াও নেই।

# অনুমানের অবয়ব

## অবাধিত বিষয়ত্ব :

কোন প্রমাণের দ্বারাই হেতু বাধিত হবে না। যেমন - যেখানে ধুম সেখানেই অগ্নি। এটা কোন প্রমাণ–এর দ্বারা বাধিত হয় না। কিন্তু যদি বলা হয় 'অগ্নি শীতল' তাহলে অন্য প্রমাণের দ্বারা অবশ্যই 'অগ্নির শীতলতা' বাধিত হবে।

# অনুমানের অবয়ব

## অসৎ প্রতিপক্ষত্ব:

অসৎ প্রতিপক্ষ হলো প্রতিপক্ষের অনুপস্থিতি অর্থাৎ হেতুর  প্রতিপক্ষ অসৎ অর্থাৎ যার অস্তিত্ব নেই বা  উপস্থিতির অভাব রয়েছে । যদি প্রতিপক্ষ উপস্থিত থাকে তাহলে অসৎ প্রতিপক্ষ বলা যাবে না ।

# অনুমানের অবয়ব

যে প্রশ্নগুলো আলোচনা করা হয়েছে:

1) অনুমান কিভাবে গঠিত হয় অর্থাৎ অনুমানের অবয়ব গুলো কি কি?

# অনুমানের অবয়ব

যে প্রশ্নগুলো আলোচনা করা হয়েছে:

2) পক্ষ কি?

3) সাধ্য কি?

4) হেতু কাকে বলে ?

5) সপক্ষ কাকে বলে

6) বিপক্ষ কাকে বলে ?

বোঝায়?

# অনুমানের অবয়ব

যে প্রশ্নগুলো আলোচনা করা হয়েছে:

7) পক্ষধর্মতা বা পক্ষসত্ব বলতে কী বোঝায়?

8) সপক্ষসত্ত্ব বলতে কী বোঝায়?

9) বিপক্ষসত্ত্ব কী?

10) অবাধিত বিষয়ত্ত্ব বলতে কী বোঝায়?

11) অসৎ প্রতিপক্ষত্ত্ব কী?

# গ্রন্থসমূহ

ন্যায় দর্শন  ফণিভূষণ তর্কবাগীশ –  পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ

ন্যায় বৈশেষিক দর্শন,  করুনা ভট্টাচার্য ।

ভারতীয় দর্শন,  নীরদবরণ চক্রবর্তী।

ভারতীয় দর্শন,  এন মুখার্জি, কলকাত,  বাণী প্রকাশন

ভারতীয় দর্শন,  সুতপা বসু,  কলকাতা,   শ্রীধর প্রকাশনী

ভারতীয় দর্শন, সমরেন্দ্র ভট্টাচার্য

# THANK YOU